

দেখো সখা ভুল করে ভালোবেসো না ।
আমি ভালোবাসি বলে কাছে এসো না ।
তুমি যাহে সুখী হও তাই করো সখা,
আমি সুখী হব বলে যেন হেসো না ।
আপন বিরহ লয়ে আছি আমি ভালো,
কী হবে চির আঁধারে নিমেষের আলো ।
আশা ছেড়ে ভেসে যাই, যা হবার হবে তাই,
আমার অদৃষ্ট-স্রোতে তুমি ভেসো না ।

Parjaay: Mayar-Khela, Taal: Kaharwa, Raag: Bilabal
Visit www.geetabitan.com for notation and other detail